

# তীব্র গরমে এবার বন্ধ হলো ইংলিশ মিডিয়াম স্কুল

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২১ এপ্রিল ২০২৪, ১৮:৩৭



চলমান তাপপ্রবাহের কারণে এবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার আওতাধীন বিদেশি কারিকুলামে পরিচালিত ইংলিশ মিডিয়াম স্কুল বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার। আজ রোববার ঢাকা শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক অধ্যাপক মোহাম্মদ আবুল মনছুর ভূঞার সই করা চিঠিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড আওতাধীন বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে আগামী ২৫ এপ্রিল পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ রাখার অনুরোধ করা হলো। সারাদেশের ওপর দিয়ে প্রবহমান তীব্র তাপদাহের কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এছাড়া আগামী ২৬ এপ্রিল (শুক্রবার) ও ২৭ এপ্রিল (শনিবার) সাপ্তাহিক ছুটি থাকায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে আগামী ২৮ এপ্রিল (রোববার) থেকে শ্রেণি কার্যক্রম শুরু বা স্কুল খোলার নির্দেশ দেওয়া হয়েছে।

 দৈনিক ইত্তেফাকে